



আজ দুপুরে জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস আজ বৃহস্পতিবার (১৩ নভেম্বর) দুপুরে জাতির উদ্দেশে ভাষণ দিতে যাচ্ছেন। ভাষণটি বাংলাদেশ টেলিভিশন (বিটিভি), বিটিভি নিউজ ও বিটিভি ওয়ার্ল্ড সরাসরি প্রচারিত হবে।

গতকাল বুধবার (১২ নভেম্বর) রাতে প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন।

সরকারি সূত্রে জানা গেছে, প্রধান উপদেষ্টা আজকের ভাষণে জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন এবং আসন্ন গণভোটের দিকনির্দেশনা নিয়ে গুরুত্বপূর্ণ ঘোষণা দিতে পারেন।

উল্লেখ্য, এর আগে গত ৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষে সর্বশেষ জাতির উদ্দেশে ভাষণ দিয়েছিলেন প্রফেসর মুহাম্মদ ইউনূস।

LENS ASIA